# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩২৮

১/ বিবিধ

আরবী

من غدا في طلب العلم صلت عليه الملائكة وبورك له في معاشه ولم ينتقص من رزقه، وكان عليه مباركا
موضوع

ابن بشران (2 / 154) وابن عبد البر في " جامع بيان العلم وفضله " (1 / 45) معلقا من طريق أبي زكريا يحيى بن هاشم، حدثنا مسعر بن كدام عن عطية عن أبي سعيد الخدري مرفوعا
قلت: وهذا إسناد موضوع، يحيى بن هاشم كذبه ابن معين وغيره
وعطية العوفي ضعيف مدلس
ثم وجدت ليحيى متابعا ضعيفا جدا، أخرجه العقيلي في " الضعفاء " (ص 26) : حدثنا يحيى بن عثمان بن صالح قال: حدثنا إسماعيل بن إسحاق الأنصاري قال: حدثنا مسعر بن كدام به، وقال العقيلي: هذا حديث باطل، ليس له أصل، وليس هذا الشيخ (يعني الأنصاري) ممن يقيم الحديث
ومن هذا الوجه ذكره السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (ص 43) وقال: أورده ابن الجوزي في العلل الموضوعات

বাংলা

৩২৮। যে ব্যাক্তি জ্ঞান অর্জন করতে করতে সকাল করল, ফেরেশতারা তার উপর রহমত কামনা করেন এবং

তার জন্য তার জীবন ধারনে বরকত ডান করা হবে। তার রিযিক কমিয়া দেয়া হবে না এবং তা তার জন্য হবে বরকতময়।

হাদীসটি জাল।

এটি ইবনু বিশরান (২/৫৪) এবং ইবনু আবদিল বার "জামেউ বায়ানিল ইলমে ওয়া ফাযলিহি" গ্রন্থে (১/৪৫) মুয়াল্লাক হিসাবে আবু যাকারিয়া ইয়াহইয়া ইবনু হাশিম সুত্রে মিস’য়ার ইবনু কিদাম হতে, তিনি আতিয়া হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি জাল। ইয়াহইয়া ইবনু হাশিমকে ইবনু মা’ঈন ও অন্যরা মিথ্যুক আখ্যা দিয়েছেন। আতিয়া আল-আওফী দুর্বল এবং মুদাল্লিস। অতঃপর ইয়াহইয়ার মুতাবায়াত পেয়েছি। তবে সেটি নিতান্তই দুর্বল। সেটি উকায়লী “আয-যুয়াফা” গ্রন্থে (পৃঃ ২৬) বর্ণনা করে বলেছেনঃ এ হাদীসটি বাতিল। এটির কোন ভিত্তি নেই। সুয়ূতী তার “যায়লু আহাদীসিল মাওযুআহ” গ্রন্থে (পৃঃ ৪৩) হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ ইবনুল জাওযী “ইলালুল মাওযুআত” গ্রন্থে উল্লেখ করেছেন। (সঠিক হচ্ছে ইলালুল মুতানাহিয়া গ্রন্থে)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5587

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন